2 September received

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৯৮.১২-৪৪৪

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৬ ব. / ০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৮৫২/২০১১ মামলার ০৭.০৯.২০১৫ তারিখের রায় এবং আপীল মামলা নং-২৯৪১/২০১৬ এর ০৬.০৮.২০১৮ তারিখের রায় অনুযায়ী বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন চরসাধুকাঠি ইসলামিয়া ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত) জনাব মো: আ: মতিন (ইনডেক্স নং-০৬২৯৩৪) এর ০৪.০২.২০১০ হতে ৩০.০৬.২০১১ খ্রি. তারিখ পর্যন্ত (১৬ মাস ২৬ দিন) সময়ের বকেয়া বেতন-ভাতাদি পরিশোধ সংক্রান্ত।

সূত্র: ডিএমই এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৭-১০২, তারিখ: ১০/০৪/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: আ: মতিন ১৯৭৩ সালে কামিল ডিগ্রী অর্জন করেন। গত ০১/৩/১৯৭৩ হতে ৩০/৬/১৯৮৪ তারিখ পর্যন্ত চরসাধুকাঠি ইসলামিয়া দাখিল মাদ্রাসায় সুপার পদে এবং উক্ত মাদ্রাসা আলিম পর্যায়ে উন্নীত হওয়ায় ০১/৭/১৯৮৪ হতে ৩১/১২/১৯৯৮ তারিখ পর্যন্ত আলিম মাদ্রাসার অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন। পরবর্তীতে উক্ত মাদ্রাসাটি ফাযিল পর্যায়ে উন্নীত হলে তিনি ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ হন এবং {মামলার রায়ের বর্ণনানুযায়ী অবসরে গমনের তারিখ ৩০/৬/২০১১ তারিখ পর্যন্ত} তিনি উক্ত প্রতিষ্ঠানে মোট ২৫ বছর অধ্যক্ষ হিসেবে কর্মরত ছিলেন, তার বেতন কোড নং-৭ ছিল মর্মে প্রতিষ্ঠানের গভর্ণিং বডির সভাপতি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নে দেখায় যায়।

২। অত:পর শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে শা:-১৩/এমপিও-১২/২০০৯/৭৫ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিপত্রের পরিশিষ্ট-ঘ এর (গ)(২) অনুযায়ী আলিম মাদ্রাসার অধ্যক্ষের বেতন ২২২৫০/- টাকায় উন্নীত করা হয়। যা জাতীয় বেতন স্কেল-২০০৯ এর গ্রেড নং-৫। উক্ত পরিপত্রের ১১(গ) শর্ত (**কোন পদে কর্মরত শিক্ষক/কর্মচারী তাঁর প্রশিক্ষণ/উচ্চতর ডিগ্রী/অভিজ্ঞতার জন্য উচ্চতর স্কেল বা বর্ধিত বেতন পাওয়ার যোগ্য হলে বর্ধিত হারে বেতন-ভাতাদির সরকারি অংশ পাবেন। তবে এ নির্দেশিকা জারির পূর্বে কোন বকেয়া প্রাপ্য হবেন না**) মোতাবেক পরিপত্র জারির তারিখ (০৪/০২/২০১০) হতে অধ্যক্ষ জনাব মো: আ: মতিন এর উচ্চতর স্কেল (বর্ধিত বেতন স্কেল) প্রদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ গভর্ণিং বডির সভাপতি কর্তৃক মহাপরিচালক, মাউশি অধিদপ্তর বরাবর ১২/২/২০১১ তারিখে আবেদন দাখিল করা হয়।

৩। উল্লেখ্য ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত পরিপত্রের পূর্বে আলিম মাদ্রাসার অধ্যক্ষের বেতন কোড নং-৭ ছিল, টাকা ১৫০০০-২৬২০০/- যা ০৪/০২/২০১০ তারিখের পরিপত্রে দাখিল মাদ্রাসার সুপারের বেতন কোডে পরিণত করা হয় এবং আলিম মাদ্রাসার অধ্যক্ষের বেতন কোড ০৫ এবং টাকা ২২২৫০-৩১২৫০/- তে উন্নীত করা হয়।

৪। শিক্ষা মন্ত্রণালয় হতে ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত ৭৫ সংখ্যক স্মারকের নির্দেশনা মোতাবেক জনাব মো: আ: মতিন এর অনুকূলে উন্নীতকৃত স্কেলের বর্ধিত হারে বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) প্রদানের নিমিত্ত গত ১২/২/২০১১ তারিখে ডিজি, মাউশি বরাবর দাখিলকৃত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় জনাব মো: আ: মতিন কর্তৃক উন্নীতকৃত স্কেলের বর্ধিত হারে বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) প্রদানের নির্দেশনা দাবী করে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ৭৮৫২/২০১১ মামলা দায়ের করা হয়।

৫। রিট পিটিশন নং- ৭৮৫২/২০১১ মামলায় গত ০৭/৯/২০১৫ তারিখে মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত রায়/আদেশ নিম্নরুপ-

"The respondents are directed to pay the increased rate of the MPO portion of the petitioner from the date of entitlement as per Paripatra vide Memo No. Sha-13/MPO-12/2009/75, dated 04.02.2010 of the respondent No. 1 within 30 (thirty) days from date of receipt of a copy of this judgment and order"

৬। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ টু আপীল নং-২৯৪১/২০১৬ মামলা দায়ের করা হয়। উক্ত আপীল মামলায় গত ০৬/৮/২০১৮ তারিখে মাননীয় আপীল আদালত কর্তৃক প্রদত্ত রায় নিম্নরূপ-

"The leave petition is out of time by 357 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the civil Petition for leave to appeal is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৭। বর্ণিত রায়ের আলোকে বকেয়া বেতন ভাতাদি পাওয়ার জন্য ইতোমধ্যে অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আ: মতিন কর্তৃক গত ২৬/৯/২০১৮ তারিখে ডিজি, ডিএমই বরারব আবেদন করা হয়।

৮। উক্ত আবেদনপত্র, রিট পিটিশন নং- ৭৮৫২/২০১১ মামলার ০৭/৯/২০১৫ তারিখে রায়ের ছায়ালিপি, আপীল নং-২৯৪১/২০১৬ মামলার গত ০৬/৮/২০১৮ তারিখে মামলার রায়ের ছায়ালিপি এবং জেলা শিক্ষা অফিসার, বরিশাল কর্তৃক প্রেরিত অগ্রায়নপত্রের কপিসহ অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত) জনাব মো: আ: মতিন (ইনডেক্স নং-০৬২৯৩৪) এর ০৪.০২.২০১০ হতে ৩০.০৬.২০১১ খ্রি. তারিখ পর্যন্ত (১৬ মাস ২৬ দিন) সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) প্রদান করা আবশ্যক মর্মে ডিজি, ডিএমই হতে পরিশোধের নির্দেশনা কামনা করে সচিব, টিএমইডি বরাবর বিবেচ্য পত্র প্রেরণ করা হয়েছে।

চলমান পাতা নং-০২

৯। যেহেতু ডিজি, মাউশি কর্তৃক আবেদনকারীর অনুকূলে উচ্চতর স্কেল প্রদানের নিমিত্ত দাখিলকৃত ১২/২/২০১১ তারিখের আবেদনটি নিস্পত্তি না করায় সৃষ্ট রিট পিটিশন নং- ৭৮৫২/২০১১ মামলার রায় পিটিশনার এর অনুকূলে ঘোষিত হয়েছে এবং আপীল মামলার আদেশে উক্ত রায় বহাল রয়েছে এবং যেহেতু শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত পরিপত্রের বিধান অনুযায়ী বর্ণিত অধ্যক্ষের অবসর গ্রহণের তারিখ ৩০.০৬.২০১১ খ্রি. (০৪/০২/২০১০ হতে ৩০.০৬.২০১১) পর্যন্ত সময়ের উন্নীতকৃত স্কেল (২২২৫০/- টাকা) দাবী করেছেন বিধায় সার্বিক বিবেচনায় আবেদনকারীর উন্নীতকৃত স্কেল তথা উক্ত সময়ের বকেয়া প্রাপ্য মর্মে প্রতীয়মান।

১০। **কিন্তু ডিজি, ডিএমই এর ১০/৪/১৯ তারিখের ১০২ সংখ্যক পত্র এবং আবেদনকারীর ২৬/৯/২০১৮ তারিখের আবেদনে উল্লিখিত অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত) জনাব মো: আ: মতিন (ইনডেক্স নং-০৬২৯৩৪) এর ০৪.০২.২০১০ হতে ৩০.০৬.২০১১ খ্রি. তারিখ পর্যন্ত (১৬ মাস ২৬ দিন) সময়ের কোন ধরণের বকেয়া প্রাপ্য অর্থাৎ ০৪.০২.২০১০ হতে ৩০.০৬.২০১১ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের ২২২৫০/- টাকা হিসেবে সম্পুর্ন বেতন-ভাতাদি প্রাপ্য নাকি ১৫০০০/- হিসেবে গ্রহণ করায় বর্ধিত অংশ প্রাপ্য সে বিষয়টি স্পষ্ট নয়। তাছাড়া উক্ত প্রতিষ্ঠানের আলিম স্তরটি কোন সালে এমপিওভুক্ত সে বিষয়েও কিছু উল্লেখ করা হয়নি বিধায় উল্লিখিত বিষয়সমূহ স্পষ্টীকরণ প্রয়োজন।**

১১। এক্ষণে, বিষয়টি বিবেচনার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন-

(ক) বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন চরসাধুকাঠি ইসলামিয়া ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত) জনাব মো: আ: মতিন (ইনডেক্স নং-০৬২৯৩৪) এর ০৪.০২.২০১০ হতে ৩০.০৬.২০১১ খ্রি. তারিখ পর্যন্ত (১৬ মাস ২৬ দিন) সময়ের কোন ধরণের বকেয়া প্রাপ্য অর্থাৎ ০৪.০২.২০১০ হতে ৩০.০৬.২০১১ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের ২২২৫০/- টাকা হিসেবে সম্পুর্ন বেতন-ভাতাদি প্রাপ্য নাকি পূর্বে গৃহিত ১৫০০০/- টাকা বাদ দিয়ে ২২২৫০/- টাকার অবশিষ্টাংশ প্রাপ্য তা স্পষ্টীকরণ;

(খ) উক্ত প্রতিষ্ঠানের আলিম স্তরটি কোন সালে এমপিওভুক্ত সে বিষয়ে প্রমাণক এবং জনাব মো: আ: মতিন এর অধ্যক্ষ পদে কর্মকালীন প্রথম ও শেষ এমপিও শীটের কপি প্রেরণ;

(গ) জনাব মো: আ: মতিন এর প্রাপ্যতা (Entitlement) অর্থাৎ বর্ধিত প্রাপ্যতা কবে থেকে কার্যকর হবে তা (তারিখ উল্লেখক্রমে) স্পষ্ট করা;

১২। এমতাবস্থায়, উল্লিখিত মতে চাহিত তথ্যাদি আগামী ০৯/৯/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-তে তথ্য প্রেরণ করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০২/৯/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।